

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
প্রশাসন-০৩ শাখা  
[www.mefwd.gov.bd](http://www.mefwd.gov.bd)

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০১১.২১- ১০০

তারিখ: ০৮ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ  
২২ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশ মেডিকেল কলেজ, ধানমন্ডি, ঢাকা সরেজমিন পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রনীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর আওতাভুক্ত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নৈতিকতা কমিটির ১ম সভার সিদ্ধান্ত অনুযায়ী ০২টি বেসরকারি মেডিকেল কলেজের গুণগত মানোন্নয়নের লক্ষ্যে তিন সদস্য বিশিষ্ট গঠিত কমিটি গত ১৫-১২-২০২১ তারিখে বাংলাদেশ মেডিকেল কলেজ, ধানমন্ডি, ঢাকা সরেজমিন পরিদর্শনপূর্বক নিম্নরূপ সুপারিশ প্রদান করেন :

- বেসরকারি মেডিকেল কলেজ স্থাপন ও পরিচালনা নীতিমালা ২০২১ (সংশোধিত) অনুসারে মেডিকেল কলেজের নিজস্ব নামে ০২ একর জমি রেজিস্ট্রিসহ নামজারি করার সুপারিশ করা হয়;
- নীতিমালা অনুসারে মেডিকেল কলেজের জন্য আরও ১,৩০,০০০ (এক লক্ষ ত্রিশ হাজার) বর্গফুট একাডেমিক ফ্লোর স্পেস এবং হাসপাতালের জন্য ১,২৫.০০০ (এক লক্ষ পঁচিশ হাজার) বর্গফুট ফ্লোর স্পেস বৃদ্ধির সুপারিশ করা হয়;
- একাডেমিক ভবনের গ্যালারি স্টেপ-আপ করার সুপারিশ করা হয়;
- বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল এর অধিভুক্তি হালনাগাদ করার সুপারিশ করা হয়;
- যে সকল বিভাগে শিক্ষক স্বল্পতা আছে সে সকল বিভাগে শিক্ষক নিয়োগ প্রদানের সুপারিশ করা হয়। বিশেষ করে প্রভাষকের পদে দ্রুত নিয়োগ প্রদানের সুপারিশ করা হয়;
- প্রতি আর্থিক বছর শেষে রেজিষ্ট্রার অডিট ফর্ম দ্বারা অডিট সম্পন্ন করে নিয়মিতভাবে মন্ত্রণালয় এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরে জমা প্রদান করার সুপারিশ করা হয়;
- মেডিকেল কলেজের শিক্ষার্থীদের অধ্যয়নের সুবিধার্থে লাইব্রেরির আসন সংখ্যা আরও ১০০টি বৃদ্ধির সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, উল্লিখিত সুপারিশ সমূহ বাস্তবায়ন কার্যক্রম গ্রহন করে বাস্তবায়নের অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

  
22/03/2022

(রাহেলা রহমত উল্লাহ)

সিনিয়র সহকারী সচিব

Admin3@mefwd.gov.bd

অধ্যক্ষ

বাংলাদেশ মেডিকেল কলেজ  
ধানমন্ডি, ঢাকা

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

০১. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) ও আহবায়ক, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৩. মুগ্ধসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৪. পরিচালক (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৫. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৬. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)